দৈনিক বাংলা

তারিখ ... 23 MAY 1990 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2 ...

15

20

থাই প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক

# এশীয় দেশগুলির মধ্যে সহযোগিতা বাড়াতে হবে ঃ কাজী জাফর

ব্যাংকক, ২২শে মে (বাসস)।– ইউরোপে সাম্প্রতিক রাজনৈতিক পরিবর্তনের পটভূমিতে বিশেষ করে মোকাবিলার পরিবর্তে সহযোগিতার যে ক্ষেত্র তৈরী হয়েছে তার প্রেক্ষিতে প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ এশীয় দেশগুলির মধ্যে সহযোগিতা বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেছেন।

আজ গবর্নমেন্ট হাউজে থাই প্রধানমন্ত্রী জেনারেল চ্যাটিচাই চুনাভানের সঙ্গে আলোচনা করার সময় কাজী জাফর আহমদ একথা বলেন।

তিনি দৃঢ় আস্থা প্রকাশ করে বলেন, এশীয় দেশগুলি তাদের পারস্পরিক স্বার্থে আরো ঘনিষ্ঠভাবে

(শেষ পৃঃ ২–এর কঃ দ্রঃ)

## কাজী জাফর

(প্রথম পৃঃ পর)

সহযোগিতা করবে।

প্রায় এক ঘন্টা স্থায়ী এই বৈঠকে দুই নেতা অর্থনৈতিক ও রাজনৈতিক সব বিষয় নিয়ে আলোচনা করেন।

তাকে ও তাঁর প্রতিনিধিদলকে আন্তরিক অভ্যর্থনা ও উষ্ণ আতিথেয়তার জন্য কাজী জাফর আহমদ জেনারেল চুনাভানকে ধন্যবাদ জানান।

পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট ক্ষেত্রে সহযোগিতার জন্য বাংলাদেশী নেতৃবৃন্দের আহবানে থাই প্রধানমন্ত্রী প্রাকৃতিক গ্যাস উত্তোলন, প্রক্রিয়াকরণ এবং তেল অনুসন্ধান ও উত্তোলনে সহযোগিতার প্রস্তাব দেন।

থাই প্রধানমন্ত্রী বাংলাদেশে বিদেশী বিনিয়োগের সুযোগ–সুবিধা সম্পর্কে জানতে চাইলে কাজী জাফর আহমেদ এ ব্যাপারে প্রেসিডেন্ট এরশাদ সরকারের গৃহীত পদক্ষেপের বিস্তারিত ব্যাখ্যাকরেন।

সুনির্দিষ্ট পদক্ষেপের মাধ্যমে দুই দেশের মধ্যে বর্তমান বাণিজ্যিক বৈষম্য হ্রাসে থাই প্রধানমন্ত্রী তার সরকারের ইচ্ছের কথা বলেন।

থাই নেতা বাংলাদেশকে কারিগরি সহযোগিতার প্রতিশ্রুতি দেন এবং বাংলাদেশ থেকে থাইল্যান্ডে ইঞ্জিনিয়ার ও কারিগর নেয়ার সম্ভাব্যতার কথা বলেন।